

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৩৬

১/ বিবিধ

আরবী

ما ابتلى الله عبدا ببلاء وهو على طريقة يكرها إلا جعل الله ذلك البلاء له كفارة وطهورا، ما لم ينزل ما أصابه من البلاء بغير الله، أويدعو غير الله في كشفه موضوع

رواه ابن أبي الدنيا في " المرض والكفارات " (1/261) حدثني يعقوب بن عبيد قال: أنبأ هشام بن عمار قال: أنبأ يحيى بن حمزة قال: حدثنا الحكم بن عبد الله أنه سمع المطلب بن عبد الله بن حنطب المخزومي يحدث أنه سمع أبا هريرة يحدث قال دخلت على أم عبد الله ابنة أبي ذباب عائدا لها من شكوى فقالت: يا أبا هريرة إني دخلت على أم سلمة أعودها من شكوى فنظرت إلى قزحة في يدي فقالت رسول الله صلى الله عليه وسلم يقول: فذكره

قلت: وهذا إسناد ساقط موضوع، من أجل الحكم بن عبد الله وهو ابن سعد الأيلي قال الذهبي في الضعفاء

متروك متهم

وقال في " الميزان

وقال أحمد: أحاديثه كلها موضوعة. وقال ابن معين: ليس بثقة. وقال السعدي وأبو

حاتم: كذاب

বাংলা



১১৩৬। আল্লাহ্ তা'আলা যখন তার কোন বান্দাকে বিপদ দিয়ে পরীক্ষা করেন সে যাকে (বিপদকে) অপছন্দ করে, আল্লাহ্ তখন তার সে বিপদকে তার জন্য কাফফারাহ স্বরূপ ও পবিত্রকারী বানিয়ে দেন। যদি তাকে যে বিপদ গ্রাস করেছে তা গায়রুল্লাহর সাথে সম্পৃক্ততার কারণে নাযিল না হয়ে থাকে অথবা সে যদি বিপদ থেকে মুক্ত হওয়ার জন্য গায়রুল্লাহকে না ডেকে থাকে।

হাদীসটি বানোয়াট।

হাদিসটিকে ইবনু আবিস দুনিয়া "আল-মারাযু অল কাফফারাত" নামক গ্রন্থে(১/১৬২) ইয়াকুব ইবনু ওবায়েদ সূত্রে হিশাম ইবনু আম্মার হতে, তিনি ইয়াহইয়া ইবনু হামযাহ হতে, তিনি হাকাম ইবনু আন্দিল্লাহ হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাকাম ইবনু আদিল্লাহ ইবনে সা'দ আইলীর কারণে এ সন্দটি বানোয়াট। হাফিয যাহাবী "আয-যুয়াফা" গ্রন্থে বলেনঃ তিনি মাতরূক, মিথ্যা বর্ণনা করার দোষে দোষী।

তিনি "আল-মীযান" গ্রন্থে বলেনঃ ইমাম আহমাদ বলেছেনঃ তার সব হাদীসগুলোই বানোয়াট। ইবনু মাঈন বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। আস-সা'দী ও আবু হাতিম বলেনঃ তিনি মিথ্যুক।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন